

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮০

আগরতলা, ২১ মে, ২০২৪

জিবিপি হাসপাতালে রক্তদান শিবির



আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে চিকিৎসক ও অন্যান্য স্বাস্থ্যকর্মী মিলে ৫০ জন রক্তদান করেন। রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর (ডাঃ) অনুপ কুমার সাহা, ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা প্রফেসর (ডাঃ) সঞ্জীব কুমার দেববর্মা, জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট ডাঃ শংকর চক্রবর্তী, ত্রিপুরা রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের সদস্য সচিব ডাঃ বিশ্বজিৎ দেববর্মা, ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডাঃ সমর্পিতা দত্ত প্রমুখ। শিবিরে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, বছরে যে পরিমাণ রক্ত প্রয়োজন তা বিবেচনায় রেখে স্বেচ্ছা রক্তদানের ক্যালেন্ডার তৈরি করছে দপ্তর। চিকিৎসক, প্যারামেডিক্যাল স্টাফরাও রক্তদানে এগিয়ে আসার মতো শুভ উদ্যোগ গ্রহণ করায় তিনি সন্তোষ প্রকাশ করেন। স্বাস্থ্য সচিব নিয়মিত স্বেচ্ছা রক্তদানে এগিয়ে আসতে সবার প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*